গাংনীতে ছোট ভাইয়ের হাসুয়ার কোপে বড় ভাই রক্তাক্ত

ছোট ভাইয়ের হাসুয়ার কোপে বড় ভাই সিরাজুল ইসলাম (৪৫) রক্তাক্ত জখম হয়েছে। সিরাজুল ইসলাম গাংনী উপজেলার চেংগাড়া গ্রামের মোল্লাপাড়া এলকার আব্দুল গনির ছেলে। আজ শুক্রবার (২২ জুলাই) বিকাল ৪ টার সময় এ ঘটনা ঘটে।

আহত সিরাজুল জানান, প্রতিবেশী আহসান আলীর জমির পথ দিয়ে আমি এবং আমার ছোট ভাই ওয়াসিম চলাচল করি।
আজ শুক্রবার বেলা ৪ টার দিকে ওয়াসিম ও তার স্ত্রী তাসলি খাতুন সেই পথ বন্ধ করতে মান গাছ লাগাচ্ছিল।

তাকে নিষেধ করাই হাতে থাকা হাসুয়া দিয়ে কুপিয়ে রক্তাক্ত জখম করে। এসময় আমার আত্মচিৎকারে স্থানীয়রা ছুটে এসে আমাকে উদ্ধার করেন।

গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের জরুরী বিভাগে কর্মরত চিকিৎসক সীমা খাতুন বলেন, তার মাথায় ধারালো অস্ত্রের জখম হয়েছে। তিনটা সেলাই দেওয়া হয়েছে। তবে সে প্রাথমিক চিকিৎসা নিয়ে বাড়ি ফিরেছেন।

এদিকে আহত সিরাজুল ইসলাম বিচারের দাবীতে গাংনী থানায় মামলার যাচ্ছিলেন।